গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ই-মেইল- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.০৪.৭১৬.১৭- ৭৭৪ তারিখ: ০৮/০২/১৮

বিভাগীয় মামলা নং- ১৪/২০১৭ এর চূড়ান্ত আদেশ

যেহেতু জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সি(পরিচিতি নং-৪৯৩২৬), সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠিতে কর্মরত আছেন। তিনি ইতোপূর্বে ফরিদপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে কর্মরত থাকাকালে সহকারী পরিচালকের আদেশ অমান্য করত: নিজের খেয়াল খুশি মত কার্যক্রম করেছেন এবং মাদকব্যবসায়ীদের সাথে মাদক ব্যবসায় জড়িয়ে পড়ে বেপরোয়াভাবে চাঁদাবাজি করেছেন, কর্মচারীদের সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও মাদকব্যবসায়ীকে দিয়ে মাদকব্যবসা পরিচালনাসহ নানা দুর্নীতির সাথে জড়িত থেকে অধিদপ্তরের সুনাম ও ভাবমূর্তি নষ্ট করেছেন। অভিযানের জন্য রেডিংপার্টি গঠন হলে তিনি মুঠোফোনে মাদক ব্যবসায়ীদেরকে অবহিত করে দেয়ার কারণে ফরিদপুর জেলায় কোন গুরুত্বপূর্ণ মাদক মামলা উদঘাটন করা সম্ভবপর হয়নি। তার বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে ফরিদপুর জেলা আইন শৃঙ্খলা কমিটিতে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক ও পুলিশ সুপার অনুরোধ করে। সহকারী পরিচালক, ফরিদপুর তাকে বিভিন্ন অভিযোগের কারণে সতর্ক করলেও পরবর্তীতে তার অপরাধের দৌরাত্ম আরো বেড়ে যায়; এবং

যেহেতু ফরিদপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে কর্মরত থাকাকালে তার বর্ণিত কার্যকলাপ অসদাচরণ ও দুর্নীতির সামিল হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা নং-১৪/২০১৭ রুজু করে তার বরাবর অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারি করা হয়। তিনি গত ২০/০৯/২০১৭ তারিখে উক্ত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন এবং তৎপ্রেক্ষিতে গত ১০/১০/২০১৭ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ও শুনানী সন্তোষজনক না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ৩০/১০/২০১৭ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা গোপন সূত্রে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যালয়ের সূত্রে তার (অভিযুক্ত সিপাই) বিরুদ্ধে অবৈধ মাদক স্পট হতে অর্থ আদায় এবং অভিযানের পূর্বে মাদক ব্যবসায়ীদের জানিয়ে দেয়ার মাধ্যমে অবৈধ মাদক ব্যবসায়ীদের সাথে যোগাযোগ রক্ষার মত অভিযোগের সমর্থন পান এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ফরিদপুর ব্যতিত জেলার অন্যান্য বিভিন্ন কার্যালয় সূত্রে তার বেপরোয়া চলাফেরা তথা অসদাচরণের বিষয়টি প্রমাণিত হয় মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনের উপর গত ১৪/১২/২০১৭ তারিখে তার উপস্থিতিতে প্রতিবেদন শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু তার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহ খুবই গুরুতর প্রকৃতির। তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবানবন্দী, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করা হয় এবং একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী তাকে কেন চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না তা ০৭(সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য তার (অভিযুক্তের) বরাবর ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। তিনি গত ০৫ জানুয়ারী ২০১৮ তারিখ উক্ত নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তার জবাব সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি; এবং

যেহেতু অভিযুক্ত সিপাই জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে তার লিখিত জবাব ও মৌখিক জবানবন্দী, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, মামলা সংশ্লিষ্ট রেকর্ডপত্র ও তার পূর্বের সার্ভিস রেকর্ড পর্যালোচনা ও বিবেচনা করে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু জনাব মোঃ তোজাম্মেল হোসেন মুন্সী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠিকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হ'ল।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮/০২/১৮

(মোঃ জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক।
ফোন: ৮৮৭০০১১।

-অপর পৃঃ দ্রঃ-

বিতরণঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা ।
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,-- ।
৮. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠি। আদেশটি যথাযথভাবে প্রতিপালন করতঃ আদেশের কপি অভিযুক্তের বরাবর যথাযথভাবে জারীপূর্বক অভিযুক্তের প্রাপ্তি স্বীকার অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি। ।
১১. মোঃ তোজাম্মেল হোসেন মুন্সি, সিপাই, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঝালকাঠি।
১২. অফিস কপি/ ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।